

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ নতুন দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে বসেছেন।

#রুশ রাষ্ট্রপতির এই ভারত সফরে একাধিক গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষরিত হওয়ার কথা।

২/ UMEED পোর্টালে ওয়াকফ সম্পত্তি নথিভুক্ত করার আজ শেষ তারিখ হলেও, আগামী তিনমাস কোনো জরিমানা বা শাস্তির সংস্থান থাকবে না বলে কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু জানিয়েছেন।

৩/ স্বাস্থ্য পরিকাঠামোয় কেন্দ্রের দেওয়া তহবিল, বেশ কয়েকটি রাজ্য খরচ করতে পারেনি বলে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা আজ লোকসভায় জানিয়েছেন।

৪/ রিজার্ভ ব্যাঙ্ক, রিপোর্টে সিকি শতাংশ কমিয়ে পাঁচ দশমিক দুই/পাঁচ করেছে।

৫/ বেসরকারি বিমান সংস্থা- ‘ইন্ডিগো’-র অভ্যন্তরীণ উড়ান দিল্লি থেকে বন্ধ হয়ে যাবার পর, বিমান চলাচল স্বাভাবিক করার চেষ্টা চলছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

\*\*\*\*\*

নতুন দিল্লির হায়দ্রাবাদ হাউসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক শুরু হয়েছে। উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা ছাড়াও মতবিনিময় করবেন পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক এবং আন্তর্জাতিক নানা বিষয়ে। এই বৈঠকের পর বাণিজ্য অর্থনীতি স্বাস্থ্যপরিষেবা শিক্ষা সংস্কৃতি এবং গণমাধ্যম বা মিডিয়া সহ বিভিন্ন ক্ষেত্রে একগুচ্ছ চুক্তি স্বাক্ষরিত হবে বলে মনে করা হচ্ছে। এর আগে, ভারত সফররত রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনকে আজ নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবনের ফোরকোর্টে গার্ড অফ অনার দেওয়া হয়। জানানো হয় আনুষ্ঠানিক অভ্যর্থনা। রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুকে শুভেচ্ছা জানান তিনি। করমর্দন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গেও। এরপর পুতিন রাজঘাটে মহাত্মা গান্ধী স্মৃতি সৌধে পুষ্প স্তবক নিবেদন করে শ্রদ্ধা জানান। স্বাক্ষর করেন রাজঘাটের ভিজিটর্স বুকেও।

আগেই জানানো হয়েছে, রুশ রাষ্ট্রপতি পুতিন ২৩-তম ভারত রুশ বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগ দিতে গত সন্ধ্যায় নতুন দিল্লি পৌঁছেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিমানবন্দরে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান। আজ সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, রুশ রাষ্ট্রপতিকে নৈশভোজে আপ্যায়িত করবেন। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন, ভারত এবং রাশিয়া তাদের মধ্যে কৌশলগত অংশীদারিত্বের ঘোষণার ২৫ বছর পূর্তি উদযাপন করছে।

\*\*\*\*\*

রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন বলেছেন, ভারত ও রাশিয়ার মধ্যে সহযোগিতার যে সম্পর্ক রয়েছে, তা কোনও দেশের স্বার্থের বিরুদ্ধে নয়, এই সম্পর্ক উভয় দেশের জাতীয় স্বার্থ রক্ষার লক্ষ্যে গড়ে উঠেছে। রাশিয়ার ভারতকে জ্বালানি বিক্রির প্রসঙ্গে, পুতিন বলেছেন, কিছু ‘ক্ষমতাশালী ব্যক্তি’ মস্কোর সংগে ঘনিষ্ঠ সম্পর্কের কারণে আন্তর্জাতিক বাজারে নতুন দিল্লির ক্রমবর্ধমান প্রভাবকে অপছন্দ করছে। এছাড়াও কৃত্রিমভাবে নানা বাধা আরোপের মাধ্যমে রাজনৈতিক কারণে ভারতের প্রভাবকে সীমাবদ্ধ করার লক্ষ্যে কাজ করছে। মস্কোর বিরুদ্ধে পশ্চিমী রাষ্ট্রগুলির নিষেধাজ্ঞার কথা উল্লেখ করে, রাশিয়ার রাষ্ট্রপতি বলেন, ভারতের সঙ্গে তার দেশের জ্বালানি ক্ষেত্রে সহযোগিতা বজায় রয়েছে। এক টিভি চ্যানেলকে সাক্ষাতকার দেওয়ার সময় তিনি আরও বলেন, যদি মার্কিন যুক্তরাষ্ট্রের রাশিয়া থেকে জ্বালানি কেনার অধিকার থাকে, তবে কেন ভারতের সেই সুযোগ থাকবে না। রুশ রাষ্ট্রপতি বলেছেন, অতীতের মত এখন আর ভারতের সঙ্গে আচরণ করা যাবে না। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কখনোই চাপের কাছে নতি স্বীকার করেন না। রাশিয়া আসলে ভারতের কাছে প্রতিরক্ষা প্রযুক্তি বিক্রি করে না বরং নতুন দিল্লির সঙ্গে তা ভাগ করে নেয়।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনকে একটি রুশ ভাষার গীতা উপহার দিয়েছেন। সামাজিক মাধ্যমে মোদি উল্লেখ করেছেন, গীতার শিক্ষা বিশ্বজুড়ে কোটি মানুষের অনুপ্রেরণা হয়ে আছে। প্রধানমন্ত্রী নিজে দিল্লি বিমানবন্দরে পুতিনকে স্বাগত জানিয়ে তাঁকে সরকারি বাসভবনে স্বাগত জানান।

\*\*\*\*\*

২৩-তম ভারত রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনের ফাঁকে মৎস্য এবং পশুপালন ও দুগ্ধজাত পণ্য সংক্রান্ত দপ্তরের মন্ত্রী রাজিব রঞ্জন সিং নতুন দিল্লিতে রাশিয়ার কৃষিমন্ত্রী ওক্সানা লুট এর সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। সংশ্লিষ্ট মন্ত্রক জানিয়েছে যে, মৎস্য, প্রাণী সম্পদ এবং দুগ্ধজাত পণ্যের ক্ষেত্রে পারস্পরিক

বাণিজ্য, বাজারজাত করার সমস্যা নিরসন, রপ্তানির জন্য নির্দিষ্ট সংস্থাগুলির তালিকাভুক্তি সহ বিভিন্ন বিষয়ে উভয় পক্ষের মধ্যে আলোচনা হয়েছে। বৈঠকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে গবেষণা, শিক্ষা এবং গভীর সমুদ্রে মাছ ধরার যান সহ নতুন নতুন জলজ চাষের প্রযুক্তি এবং প্রক্রিয়াকরণের ক্ষেত্রে যৌথ উদ্যোগের বিষয়ে। এই উপলক্ষে শ্রী সিং জানিয়েছেন যে, মৎস্য এবং মৎস্যজাত পণ্যের ক্ষেত্রে ভারতের রপ্তানির পরিমাণ ২০২৪- ২৫ সালে প্রায় ৭০০ কোটি মার্কিন ডলারে পৌঁছেছে, এর মধ্যে রাশিয়ায় রপ্তানির পরিমাণ ১২ কোটি ২৭ লক্ষ মার্কিন ডলার। তিনি বলেন রপ্তানির বৈচিত্র্যের দিক থেকে চিংড়ি, সার্ডিন, টুনা, কাঁকড়া সহ বিভিন্ন জলজ পণ্যের সম্ভাবনাময় ক্ষেত্র রয়েছে। রুশ কৃষিমন্ত্রী ওক্লানা লুট জানিয়েছেন মৎস্য ও প্রাণি সম্পদ এবং ডেয়ারি ক্ষেত্রে সহযোগিতার জন্য তারা প্রস্তুত।

\*\*\*\*\*

কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরণে রিজিজু বলেছেন, ‘উন্মিদ্’- পোর্টালে এপর্যন্ত এক লক্ষ ৫১ হাজারের বেশী ওয়াকফ সম্পত্তি নিবন্ধীকৃত করা হয়েছে। ওয়াকফ আইন বলবত হবার পর মন্ত্রক এই পোর্টাল চালু করে এবং সংশ্লিষ্ট পক্ষকে যাবতীয় ওয়াকফ সম্পত্তি নথিভুক্ত করার জন্য বলা হয়। আজ নতুন দিল্লিতে এক সাংবাদিকদের মন্ত্রী বলেন, এখনো লক্ষ লক্ষ সম্পত্তি রেজিস্টার্ড হয়নি। তবে, ‘উন্মিদ্’-পোর্টালে এখনো যারা নাম নথিভুক্ত করেনি, আগামী তিনমাস তাদের ওপর কোন জরিমানা করা বা কঠোর ব্যবস্থা নেওয়া হবে না বলে শ্রী রিজিজু আশ্বস্ত করেছেন।

\*\*\*\*\*

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা, স্বাস্থ্য পরিকাঠামোয় কেন্দ্রের দেওয়া তহবিল, রাজ্যগুলি সদ্ব্যবহার করছে না বলে অভিযোগ করেছেন। আজ লোকসভায় প্রশ্নোত্তর পর্বে শ্রী নাড্ডা বলেন, স্বাস্থ্য পরিকাঠামোয় কেন্দ্র ৬৪ হাজার কোটি টাকা দিলেও, বিভিন্ন রাজ্য সরকার মাত্র ৩০ হাজার কোটি টাকা খরচ করতে পেরেছে। তিনি আরো বলেন, ২০১৭ সালে মোদী সরকার, GDP-র দুই দশমিক পাঁচ শতাংশ স্বাস্থ্য পরিকাঠামোয় ব্যয় করার সিদ্ধান্ত নিলেও, দুর্ভাগ্যজনকভাবে মাত্র এক দশমিক ৯ শতাংশ খরচ করা হয়েছে।

\*\*\*\*\*

সংসদে মাদুরাই-এর একটি মন্দিরে প্রদীপ জ্বালানোকে কেন্দ্র করে বিতর্কের বিষয়টি ওঠে। হই-হট্টোগোলের জন্য বেলা ১২ টা পর্যন্ত অধিবেশন মূলতুবি হয়ে যায়। বিরোধীরা রাজ্যসভা থেকে ওয়াক আউট করে। সংসদ ভবনের বাইরে বিরোধী সাংসদরা বিভিন্ন ইস্যুতে বিক্ষোভ দেখাচ্ছেন। তার মধ্যে তৃণমূল কংগ্রেস সদস্যদের, পশ্চিমবঙ্গে ১০০ দিনের কাজের জন্য টাকা দেওয়ার দাবীতে বিক্ষোভও রয়েছে।

\*\*\*\*\*

এর আগে আজ সকাল ১১'টায় লোকসভার অধিবেশন শুরু হলে, DMK সদস্যরা মাদুরাই-এর একটি মন্দিরে প্রদীপ প্রজ্জ্বলনকে কেন্দ্র করে বিতর্কের বিষয়টি উত্থাপন করে প্রতিবাদ জানান। অধ্যক্ষের আসনের সামনে এসে তাঁরা বিক্ষোভ জানাতে থাকেন। অধ্যক্ষ ওম বিড়লা বলেন, বিষয়টি বিচারাধীন এবং সরকারের এতে কিছু করার নেই। তিনি সদস্যদের আসনে ফিরে যেতে এবং সভার কাজ সুষ্ঠুভাবে চালাতে দিতে অনুরোধ করেন। তাঁর আবেদন সত্ত্বেও সাংসদরা প্রতিবাদ বিক্ষোভে অবিচল থাকায় অধ্যক্ষ বেলা ১২ টা পর্যন্ত অধিবেশন মূলতুবি কোর দেন।

রাজ্যসভায় DMK সহ অন্য বিরোধী সাংসদরা এই ইস্যুতে 'ওয়াক আউট' করেন।

\*\*\*\*\*

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু চলতি মাসের ৯ তারিখ নতুন দিল্লীতে ২০২৩-২৪ সালের হস্তশিল্প সম্মান প্রদান করবেন। দেশের বিশিষ্ট হস্তশিল্পীদের সম্মানিত করতে পুরস্কার প্রদান করা হয়। কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং এবং বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্গারিটা এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। দেশের ঐতিহ্যপূর্ণ হস্তশিল্পকে তুলে ধরতে সরকারের অঙ্গীকারের লক্ষ্যেই এই উদ্যোগ বলে বস্ত্র মন্ত্রক জানিয়েছে। এই সম্মান প্রদান জাতীয় হস্তশিল্প সপ্তাহ পালনের অঙ্গ বলে উল্লেখ করা হয়েছে।

\*\*\*\*\*

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, দেশের অর্থনৈতিক বিকাশে আরো গতি আনার উদ্দেশ্যে সুদের হার ২৫ বেসিস পয়েন্ট কমিয়ে পাঁচ দশমিক দুই/পাঁচ শতাংশ করেছে। RBI গভর্নর সঞ্জয় মালহোত্রা, চলতি অর্থ বছরের পঞ্চম দ্বিমাসিক মুদ্রা নীতি পর্যালোচনার সময় এই ঘোষণা করেন। রিজার্ভ ব্যাঙ্কের এই সিদ্ধান্তের ফলে আবাসন, অটো-মোবাইল এবং বাণিজ্যিক ঋণ আরো সস্তা হবে। গত তিনমাস ধরে 'গ্রাহক মূল্য সূচকে'র ভিত্তিতে খুচরো মুদ্রাস্ফীতির হার দু-শতাংশের নীচে থাকায় রিজার্ভ ব্যাঙ্ক এই সুদের হার হ্রাস করলো। গ্রাহক মূল্য সূচকের সিরিজ শুরু হওয়ার পর থেকে এ'বছর অক্টোবর মাসে দেশের খুচরো মুদ্রাস্ফীতির দশমিক দুই/পাঁচ শতাংশের রেকর্ড স্পর্শ করে। RBI গভর্নর বলেন, চলতি অর্থ বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে ভারতীয় অর্থনীতি প্রত্যাশার চেয়ে বেশী আট দশমিক দুই শতাংশ GDP-র বিকাশ হার অর্জন করেছে।

( বাইট- সঞ্জয় RBI গ্রোথ )

রিজার্ভ ব্যাঙ্ক, এদিকে চলতি অর্থ বছরে সম্ভাব্য বিকাশ হারের পূর্বানুমান ছয় দশমিক আট শতাংশ থেকে বাড়িয়ে সাত দশমিক তিন শতাংশ করেছে। মুদ্রানীতি পর্যালোচনা কমিটির সুপারিশের ভিত্তিতে এর আগে ফেব্রুয়ারী এবং এপ্রিল মাসে রেপো রেট ২৫ বেসিস পয়েন্ট কমেছিল এবং জুনে কমেছিল ৫০ বেসিস পয়েন্ট।  
উল্লেখ্য, রিজার্ভ ব্যাঙ্ক বাণিজ্যিক ব্যাঙ্কগুলিতে যে সুদে ঋণ দেয়, তা'ই হল রেপো রেট।

\*\*\*\*\*

দিল্লি বিমান বন্দর থেকে 'ইন্ডিগো' বিমান সংস্থার সব অভ্যন্তরীণ উড়ান আজ মধ্যরাত পর্যন্ত বাতিল করা হয়েছে। তবে, অন্য সব বিমান সংস্থার উড়ান সূচী অবশ্য নির্ধারিত'ই রয়েছে। বিমান বন্দর সূত্রে বলা হয়েছে, কর্মীরা একটি বিচ্ছিন্ন খুঁজে বের করে প্রয়োজনীয় মেরামতির কাজ চালিয়ে যাচ্ছেন। সর্বশেষ উড়ান সূচী জানার জন্য বিমান বন্দর কর্তৃপক্ষ, [www.newdelhiairport.in](http://www.newdelhiairport.in) ওয়েবসাইট দেখার জন্য যাত্রীদের অনুরোধ করেছেন।

\*\*\*\*\*

ইন্ডিগো বিমান সংস্থার উড়ান চলাচলে নভেম্বর মাসের শেষ দিক থেকে বড় ধরনের বিঘ্ন ঘটার খবরের প্রেক্ষিতে অসামরিক বিমান পরিবহন মহা নির্দেশালয়, সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী রামমোহন নাইডু এবং মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিক এবং ওই বিমান সংস্থার উচ্চপদ অধিকারীদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেছে। ওই উড়ান সংস্থা দৈনিক ১৭০ থেকে ২০০ টি উড়ান বাতিল করেছে যা স্বাভাবিকের তুলনায় অনেকটাই বেশি। ইন্ডিগো উড়ান সংস্থা যেভাবে পরিস্থিতির মোকাবিলা করেছে বৈঠকে মন্ত্রী, তার কড়া সমালোচনা করেন। নতুন ব্যবস্থায় সুষ্ঠুভাবে যাওয়া নিশ্চিত করার জন্য প্রস্তুতির যথেষ্ট সময় দেওয়া হয়েছিল বলে মন্ত্রী উল্লেখ করেন এবং দ্রুত উড়ান চলাচল স্বাভাবিক করতে এবং বর্তমান পরিস্থিতিতে বিমান ভাড়া না বাড়ানোর জন্য তিনি নির্দেশ দেন। যাত্রীদের অসুবিধা কমাতে উড়ান বাতিল সংক্রান্ত তথ্য আগেভাগে জানানোর এবং প্রয়োজন মত হোটেলের ব্যবস্থা করা সহজ প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করতে মন্ত্রী উড়ান সংস্থাকে নির্দেশ দিয়েছেন। DGCA জানিয়েছে, বৈঠকে ইন্ডিগো ব্যাখ্যা করেছে যে, মূলত সংশোধিত ফ্লাইট ডিউটি টাইম লিমিটেশন( FDTL) বাস্তবায়নের সময় পরিবর্তন জনিত জটিলতা ক্রু পরিকল্পনার সমস্যা, এবং শীতকালীন সমস্যার কারণে হয়েছে।

\*\*\*\*\*